

অফিসিয়াল উৎসুকি হতে আপডেট জানতে ভুলবেন না!

ভ্যাক্সিন সম্পর্কিত যাবতীয় তথ্য ও বুকিং বিষয়ক তথ্যবলী সম্বলিত রেজিনে লাইচেন্স
এর ওয়েবসাইটের ঠিকানা

www.salutelazio.it/campagna-di-vaccinazione-anti-covid-19



<https://prenotavaccino-covid.regione.lazio.it/main/home>



এআইএফএ/আইফা ওয়েবসাইটের যেকোন আপডেটের জন্য চেক করুন
www.aifa.gov.it/domande-e-risposte-su-vaccini-covid-19



Facebook: Salute Lazio
Twitter: @SaluteLazio
Instagram: salutelazio

যাদের সহযোগিতায়



সানিতা দি ফ্রন্টিয়েরা ওনলাস এর "লিভ নো ওয়ান বিহাইন্ড" প্রজেক্টের অংশ
হিসাবে টিআইএম/টিম ফাউন্ডেশনের (ফোন্দাচিয়নে)

FONDAZIONE
TIM

অবদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা যাচ্ছে
মেডিচি দেল মন্দো এর তত্ত্বাবধানে অনুবাদকৃত

বিশ্ব মহামারী রোধ করি। একসাথে !

SISTEMA SANITARIO REGIONALE



বিশ্ব মহামারী রোধ করি। একসাথে !

এই বিশ্ব মহামারী'র গতিপথ পরিবর্তন করার জন্য আমাদের অবশ্যই এটি প্রতিরোধের

ব্যবহারযোগ্য সমস্ত উপায়সমূহ কাজে লাগাতে হবে:

- প্রতিরোধমূলক এবং প্রতিরোধমূলক স্বাস্থ্যবিধি আচরণসমূহ: মাঝের সঠিক ব্যবহার, হাতের পরিষ্কার-পরিচ্ছমতা বিষয়ক স্বাস্থ্যবিধি এবং একে অপরের কাছ থেকে কমপক্ষে ১ মিটার দূরত্ব রক্ষা করতে হবে;
- টিকা/ভ্যাক্সিন।

টিকা/ভ্যাক্সিন

ভ্যাক্সিন আপনার প্রাকৃতিক সুরক্ষা বৃদ্ধি ও শক্তিশালী করতে সহায় করে, যার ফলে আপনার শরীর ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ের জন্য প্রস্তুত হয়।
বর্তমানে ইউরোপ কর্তৃক স্বীকৃত বিভিন্ন ধরণের ভ্যাক্সিন রয়েছে: যদিও এসব ভ্যাক্সিন ভিন্ন ভিন্নভাবে কাজ করে, তথাপি এর প্রত্যেকটি আপনাকে রক্ষা করতে সহায়তা করবে!

ভ্যাক্সিনের লক্ষ্যগীয় বিষয়সমূহ নিম্নরূপ:


- কার্যকর বৈজ্ঞানিক গবেষণায় দেখা যায় যে, অ্যান্টি-কোভিড-১৯ এর ভ্যাক্সিনগুলি এই রোগের মারাত্মক/গুরুতর সংক্রমণের প্রতিরোধে খুব কার্যকর।
- বিনামূল্যে: এটি সকলের একটি অধিকারী।
- বাধ্যতামূলক নয়, তবে সংখ্যাগরিষ্ঠ জনগণের সুরক্ষার জন্য প্রয়োজনীয়।



কিভাবে কাজ করে?

অ্যান্টি কোভিড-১৯ এর ভ্যাক্সিন আমাদের রোগ প্রতিরোধ ব্যবস্থাকে কোভিড-১৯ রোগের সম্ভাব্য কারণ হতে পারে এমন একটি অংশকে সন্তোষ ও রুক্ষ করতে সহায়তা করে এবং আমাদের দেহে এই রোগ বৃদ্ধি পেতে বাধা দেয়।

আমাদের দেহে এই ভ্যাক্সিনের প্রভাব হলো: যতক্ষণ সম্ভব কোভিড-১৯ এর অ্যান্টিবিগুলিকে জীবিত/মেমোরিতে রাখে।
বেশিরভাগ ভ্যাক্সিনগুলি কয়েক সপ্তাহের ব্যবধানে ২ডোজ প্রদান করা হয়। সুরক্ষা সম্পূর্ণ হওয়ার জন্য উভয় ডোজ গ্রহণ করা গুরুত্বপূর্ণ।



ভ্যাক্সিন গ্রহণের পর কি ঘটে?

ভ্যাক্সিন দেয়ার পর যেকোন তাৎক্ষনিক প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় কিনা তা দেখার জন্য ১৫-৩০ মিনিট অপেক্ষা করতে বলা হয়।


- ভ্যাক্সিন গ্রহণের পরবর্তী দিনগুলোতে পার্শ্ব প্রতিক্রিয়া হওয়া স্বাভাবিক, এর অর্থ রোগ প্রতিরোধ ব্যবস্থা সক্রিয় হচ্ছে।
- সর্বাধিক সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলি হলো হালকা এবং ১ বা ২ দিন পরে সেগুলো চলে যায়; যেমন: ইনজেকশন দেয়া জায়গায় লালভাব বা ব্যথা, ক্লাস্টি, মাথা ব্যথা, পেশী ব্যথা, জ্বর।
- যদি এই লক্ষণগুলি ৩ দিনেরও বেশি সময় ধরে অব্যাহত থাকে বা যদি অপ্রত্যাশিত কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়, তবে ব্যক্তিগত/ফ্যামিলি ডাক্তারকে বা আজল/এসএল এর নম্বে(মেডিচি দেল মন্দি দ্বারা পরিচালিত) +৩৯ ৩৫১০২২১৩৯০ তে ফোন করতে হবে।

জরুরী ক্ষেত্রে, সর্বদা ১১২ তে ফোন করতে হবে বা হাসপাতালের জরুরি বিভাগে যেতে হবে।




ইনজেকশনের পরে সুরক্ষা কার্যকর হয় কি?

না: সম্পূর্ণ কার্যকারিতা দ্বিতীয় ডোজ (২ ডোজ এর ক্ষেত্রে) এর ২ সপ্তাহ পরে কার্যকর হিসাবে বিবেচিত হয়।



ভ্যাক্সিনের পরে করণীয়

ভ্যাক্সিনগ্রহীতা এবং তাদের সংস্পর্শে আসা ব্যক্তিদের অবশ্যই কোভিড-১৯ এর প্রতিরোধমূলক সুরক্ষা ব্যবস্থাসমূহ মেনে চলতে হবে; যেমন: নাক ও মুখ ঘ্যাষথভাবে ঢেকে মাস্ক পরিধান করতে হবে, কমপক্ষে ১ মিটার আন্তঃব্যক্তিক দূরত্ব বজায় রাখতে হবে এবং ভিড় এড়াতে হবে।



অন্যান্য প্রয়োজনীয় তথ্য...

ভ্যাক্সিন কি সকলের জন্য প্রয়োজন যাবে? হ্যাঁ, রেজিনে

লাংচিওতে বসবাসরত সকলকে ভ্যাক্সিন প্রদান করা হবে, তবে বৃদ্ধি ও অসুস্থ ব্যক্তিগত এবং তদসংশ্লিষ্ট কাজের সাথে জড়িতদের অগ্রাধিকার প্রদানপূর্বক ভ্যাক্সিন প্রদান শুরু হয়েছে।

কেবলমাত্র ইতালিয়ান নাগরিকরা কি ভ্যাক্সিন গ্রহণ করতে পারবেন? আগ্রাসিক এবং অনাবাসিক, পের্মেস্স দি সজ্জর্ণ থারুক বা না থারুক - ইতালীর ভূ-খণ্ডে উপস্থিত সমস্ত লোককে টিকা দেওয়া হবে।

বিদ্র:(NB): আপনি ইতোমধ্যে কোভিড-১৯ আক্রান্ত হলেও ভ্যাক্সিন গ্রহণ করতে পারবেন, তবে সে জন্য আপনাকে সুস্থ হওয়ার পরেও কমপক্ষে তিন মাস অপেক্ষা করতে হবে।

আপনি যদি গর্ভবতী হন বা শিশুকে বুকের দুধ খাওয়ান, তবে টিকা দেওয়ার বিষয়টি বিবেচনার জন্য একজন স্বাস্থ্যকর্মীর সাথে কথা বলুন। আপনার যদি ভ্যাক্সিন গ্রহণ সম্পর্কিত কোন অসুবিধা দেখা দেয় তবে আপনার ব্যক্তিগত চিকিৎসকের কাছে বা এসার্টিপি / এএনআই এর বহির্বিভাগের কাছে বা আপনার পরিচিত এসোসিয়েশনের কাছে সাহায্য চাইতে পারেন।